

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানী কারক সমিতি (বিজিএমইএ)

হাউজ নং-৭/৭এ, ব্লক নং-এইচ-১, সেক্টর নং-১৭, উত্তরা, ঢাকা-১২৩০

বিজিএ/মেম্বারশীপ/২০২২/১০৬

তারিখঃ ০১ জুন, ২০২২

সকল সম্মানিত সদস্যদের জন্য

পুনঃ বিজ্ঞপ্তি

বিজিএমইএ'র সকল সম্মানিত সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অস্থায়ী/স্থায়ী মেম্বারশীপ, সুপারিশ ও যাবতীয় সংশোধনী কার্যক্রমের জন্য প্রচলিত আবেদনের পরিবর্তে ১লা মার্চ ২০২২ তারিখে বিজিএমইএ'র সম্মানিত সভাপতিসহ বোর্ডের অন্যান্য সম্মানিত সদস্যগণের উপস্থিতিতে Online Membership Management System (MMS)'র শুভ সূচনা হয়েছে। আপনারা অবগত আছেন যে, ইতোমধ্যে বিজিএমইএতে বিভিন্ন সেবা যেমন UD, Cash Incentive ও অন্যান্য সেবা Online ভিত্তিতে চালু হয়েছে।

এরই ধারাবাহিকতায় MMS'র সেবা Online Platform-এর মাধ্যমে হওয়ায় সেবাগ্রহীতাগণ বাসা/অফিসে বসেই অস্থায়ী/স্থায়ী সদস্যপদ গ্রহণ, সদস্যপদ নবায়ন, নতুন বন্ড লাইসেন্সের সুপারিশ, কারখানার ফ্লোর সংযোজন ও স্থানান্তরের সুপারিশ, শেয়ার হোল্ডার পরিবর্তনের সুপারিশ, প্রতিষ্ঠানের নাম ও ধরণ পরিবর্তনের সুপারিশ, আমদানীকৃত মেশীনারিজ ছাড়করণের সুপারিশ, বিজিএমইএ'র ভোটার নমিনেশন ও ভোটার তালিকা প্রকাশসহ ওয়েব পোর্টালে বিজিএমইএ'র সদস্য প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য স্বয়ংক্রিয় ও নিয়মিতভাবে হালনাগাদ করতে পারবেন।

গত ২৪ এপ্রিল, ২০২২ তারিখ বিজিএমইএ হতে সার্কুলারের মাধ্যমে সকল সম্মানিত সদস্যগণকে স্ব-স্ব প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে অথরাইজেশনসহ (company name, BGMEA no., mobile & email উল্লেখপূর্বক) উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে আইডি পাসওয়ার্ড সংগ্রহ করে MMS'র কার্যক্রমকে তরাণিত করার অনুরোধ করা হলেও অদ্যাবধি আশানুরূপ আগ্রহ পরিলক্ষিত হচ্ছে না।

এ অবস্থায় বিজিএমইএ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৩০শে জুন ২০২২ তারিখের মধ্যে Online Membership Management System (MMS)-এ আইডি পাসওয়ার্ড সংগ্রহ এবং পর্যায়ক্রমে হালনাগাদ তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্র Upload করে MMS'র সেবা কার্যক্রমকে তরাণিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

এই সংক্রান্ত যে কোন তথ্যের জন্য নিম্নে উল্লেখিত নম্বরে মেম্বারসীপ/এমআইএস শাখায় যোগাযোগ করা যেতে পারে।

বিজিএমইএ হট লাইনঃ ০১৭৩০৪৪২২১১, ০৯৬৩৮০১২৩৪৫, সিস্টেম সাপোর্টঃ ০১৭১৭৬৭১৭৬৬

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান

মহা-সচিব, বিজিএমইএ